ডেমক্রেসিওয়াচ ইনহাউস বুলেটিন

সাপ্তাহিক জনগনের দরবার বার্তা - ৮

২য় বর্ষ, ৮ম সংখ্যা | ৪ এপ্রিল ২০০৭

যশোরে কাশিমপুর ইউনিয়নে এনায়েতপুর গ্রামে ‘তৃণমূল পর্যায়ে নারী শিক্ষা কেন্দ্র গঠিত’

ডেমক্রেসিওয়াচের জনগনের দরবার প্রকল্পের পরামর্শ কমিটির মাসিক সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে কাশিমপুরের এনায়েতপুর গ্রামে একটি নারী শিক্ষা কেন্দ্র গঠন করা হবে। এই শিক্ষা কেন্দ্রের সকল ব্যয়ভার বহন করবে সাধারণ জনগণ এ মর্মেও একটি সিদ্ধান্ত গৃহিত হয়। এই সিদ্ধান্ত অনুয়ারী গত ২৯ মার্চ ঐ গ্রামে

‘নারী শিক্ষা কেন্দ্র’ গঠন করা হয়। এই শিক্ষা কেন্দ্রে সপ্তাহে দু’দিন করে শুক্রবার ও বুধবার সন্ধ্যায় নারীরা অক্ষর জ্ঞান লাভ করবে।

দিনাজপুরে মা সমাবেশ

দিনাজপুরে জনগনের দরবার প্রকল্প অফিস স্পট ক্যাম্পেইন এর আওতায় দিনাজপুরে পালশা ইউনিয়নের গোপালপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে ‘মা সমাবেশ’- এর আয়োজন করে। এই সমাবেশে ৩৩০ জন মা উপস্থিত ছিলেন।

মা সমাবেশের মূল উদ্দেশ্য ছিল মায়েদেরকে আরো সচেতন ও উদ্বুদ্ধ করা যাতে ঝড়ে পড়া স্কুল ছাত্র-ছাত্রীদের স্কুলগামী করার জন্য তারা আরো দৃঢ় পদক্ষেপ নিতে পারেন।

এই অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসারসহ বিভিন্ন স্কুলের শিক্ষক এবং গণ্যমান্য বক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এক নজরে

জনগনের দরবার প্রকল্পের সাম্প্রতিক উল্লেখযোগ্য কিছু কার্যক্রম

- প্রকল্পভূক্ত এলাকায় ৪০২টি উঠান বৈঠক অনুষ্ঠিত।
- ৩৬টি স্পট ক্যাম্পেইন অনুষ্ঠিত।
- ৮৬টি মাসিক মিটিং অনুষ্ঠিত।
- ৬৮টি শেয়ারিং মিটিং অনুষ্ঠিত।
- ২৮টি স্টান্ডিং কমিটি গঠন।
- ২৩টি বিকল্প পন্থায় বিরোধ নিস্পত্তি
- ৩৯টি ভিডিও শো অনুষ্ঠিত।
- ২২০টি পরামর্শ কমিটির প্রশিক্ষণ হয়েছে।
- ৪টি স্থানীয় পর্যায়ে সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত।
- ৫টি অংশগ্রহণমূলক পদ্ধতিতে বাজেট উপস্থাপন করা হয়েছে।
- ১২টি অংশগ্রহণমূলক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত।

গাজীপুরে তৃণমূল পর্যায়ে সুবিচার প্রাপ্তিতে ‘গ্রাম আদালতের ভূমিকা ও গুরুত্ব’ শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

গত ৩ মার্চ ২০০৭ তারিখে গাজীপুরের জনগনের দরবার প্রকল্প অফিসে ‘তৃণমূল পর্যায়ে সুবিচার প্রাপ্তিতে গ্রাম আদালতের ভূমিকা ও গুরুত্ব’ শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনার মূল বিষয়বস্তু ছিল ইউনিয়ন পর্যায়ে গ্রাম আদালতসমূহকে কার্যকর করার ক্ষেত্রে সুধীজনরা কি ভাবছেন এবং এ বিষয়ে তাদের ভূমিকাকে আরো জোরদার করে সক্রিয় ভূমিকা পালনে উদ্বুদ্ধ করা।

আলোচনা সভায় সুধীজনরা বিভিন্ন আলোচনার মাধ্যমে একটি বিষয়ে একমত পোষণ করেন যে তৃণমূল পর্যায়ে সুবিচার প্রাপ্তির ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের গ্রাম আদালতকে সত্যিকার অর্থে বিচার কার্য পরিচালনার উপযোগী করে তুলতে হবে।

রিলিফ ইন্টারন্যাশনালের ১৪ সদস্য বিশিষ্ট প্রতিনিধি দলের গাজীপুরের জনগনের দরবার প্রকল্প পরিদর্শন

গত ৩ এপ্রিল ২০০৭ তারিখে রিলিফ ইন্টারন্যাশনালের ১৪ সদস্য বিশিষ্ট প্রতিনিধি দল গাজীপুরের জনগনের দরবার প্রকল্প পরিদর্শন করেন। প্রতিনিধি দল জনগনের দরবার প্রকল্পের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড পরিদর্শন ছাড়াও জনগনের দরবার প্রকল্পের পরামর্শ কমিটির সদস্যদের সাথে আলোচনা করেন।

গাজীপুরে ‘ইউপিতে নারী সদস্যদের অবস্থান ও ভূমিকা’ নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত

গত ৩ এপ্রিল সকালে জনগনের দরবার প্রকল্পের আওতাভুক্ত বাসন ইউনিয়নে ইউপিতে নারী সদস্যদের অবস্থান নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ আলোচনা সভায় ইউপিতে নারী সদস্যদের কাজের মূল্যায়ণ, কাজের পরিধি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা হয়। বক্তারা ইউপিতে নারী সদস্যদের ক্ষমতায়নের বাধাগুলো চিহ্নিত করেন এবং বেশ কিছু সুপারিশ করেন।

দিনাজপুর বুলাকীপুর ইউনিয়নের পরামর্শ কমিটি সদস্যের সাক্ষাৎকার

“ইউপি’র বাসিন্দা হিসেবে এখন আমি নিজেকে অনেক সচেতন মনে করি”

দিনাজপুরের বুলাকীপুর ইউনিয়নের ১নং ওয়ার্ডের বাসিন্দা সাহানুরী পারভীন জনগনের দরবার প্রকল্পের সাথে সংযুক্ত হয়ে নিজেকে একজন সচেতন নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত বলে মনে করছেন। কারণ হিসেবে তিনি যা বলেছেন-

গত ৩ বছর যাবত আমি জনগনের দরবার প্রকল্পের বিভিন্ন কার্যক্রমের সাথে সম্পৃক্ত আছি। আমি মনে করি এই প্রকল্প অন্যান্য সব প্রকল্পের চেয়ে ভিন্ন। এছাড়া এই প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য আমার চিন্তা ধারাকে পাল্টে দিয়েছে। আমি দেখেছি গত ৩ বছর আগে আমাদের এই বুলাকীপুর ইউনিয়নে আমার মত সাধারণ জনগণ ইউপি সম্পর্কে কিছুই জানতো না এবং ইউপি সদস্যদের সাথে তেমন সম্পর্ক ছিল না। আজ এই ৩ বছর পর আমাদের এই ইউনিয়নে সাধারণ জনগণ এ বিষয়ে অনেক দূর এগিয়েছেন। আমি মনে করি এই সাফল্যে সবটুকুই জনগনের দরবার প্রকল্পের প্রাপ্য।

জনগনের দরবার প্রকল্পের আমরা যারা পরামর্শ কমিটির সদস্য রয়েছি তারা সকলেই প্রতিমাসে একবার করে মিটিং-এ একত্রিত হই এবং ইউপি’র বিভিন্ন বিষয় বিশেষ করে আমাদের নিজেদের সমস্যাসমূহ যেমন- কৃষি, স্বাস্থ্য, আইন-শৃঙ্খলা, শিক্ষা এসব বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে থাকি। এই নিয়মতান্ত্রিক বিষয়টি আগে কখনো আমরা একত্রিতভাবে করতে পারিনি বা করার চিন্তাও করিনি। এখন আমরা নিয়মতান্ত্রিকভাবে মাসিক মিটিং করার ফলে আমাদের নিজেদের বিভিন্ন সমস্যাসমূহ নিজেরাই সমাধান করতে পারছি। সবচেয়ে বড় কথা হলো এখন আমরা নিজেদেরকে নিয়ে এবং ইউপিকে নিয়ে ভাবতে শিখেছি। ইউপি’র উন্নয়নে নিজেদেরকে সম্পৃক্ত করতে পারছি।

আগামী সপ্তাহের কার্যক্রমসমূহ

কার্যক্রমের নাম	তারিখ	স্থান
LEB Workshop	৬ এপ্রিল ০৭	দেয়াড়া ইউপি, যশোর
আলোচনা সভা	৮ এপ্রিল ০৭	রামনগর ইউপি, যশোর
অভিজ্ঞতা বিনিময় সভা	৯-১১ এপ্রিল ০৭	সুশীলন, সাতক্ষীরা
স্পট ক্যাম্পেইন	৭ ও ৮ এপ্রিল ০৭	গাজীপুর

যশোর ফতেপুর ইউনিয়নের পরামর্শ কমিটি সদস্যের সাক্ষাৎকার

“পূর্বের তুলনায় এখন আমরা অনেক প্রতিশ্রুতিবদ্ধ এবং দায়িত্বশীল”

গত ৪ বছর পূর্বে এই ফতেপুরের চিত্রটি ছিল কিছুটা ভিন্ন। ইউপি সদস্যদের সম্পর্কে নেতিবাচক ধারণা, ঐক্যবদ্ধের অভাব, ইউপি’র কাজ সম্পর্কে জ্ঞানের অভাব ইত্যাদির কথা বলতে পারি। আমি মনে করি জনগনের দরবার প্রকল্প আমাদের এই ইউনিয়নে বিগত বছরগুলোতে কাজ করার ফলে এখন চিত্রটি অনেকাংশে পাল্টে গেছে। কথাগুলো বললেন জনগনের দরবারের ফতেপুর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের পরামর্শ কমিটির সদস্য।

মোঃ সুলতান আহম্মেদ। বয়স ৬১ বছর। শিক্ষাগত যোগ্যতা বি.এ পাশ। প্রাক্তন প্রধান শিক্ষক। ম্যানেজিং কমিটির সদস্য। বালিয়াডাঙ্গা সরকারী মডেল প্রাইমারী স্কুল। পরিচালক টেলেন্ট প্রি-ক্যাডেট স্কুল। যশোর।

তিনি বলেন, জনগনের দরবার প্রকল্পের বিভিন্ন কার্যক্রমগুলোতে আমি উপস্থিত থেকেছি। যেমন উঠান বৈঠক, শেয়ারিং মিটিং, সমন্বয় মিটিং, অংশগ্রহণমূলক বাজেটিং, বিভিন্ন প্রশিক্ষণ ইত্যাদি। প্রতিটি কার্যক্রমের চিন্তাগুলো আমার কাছে মনে হয়েছে সমাজ পরিবর্তনের কিছু দিক নির্দেশনা রয়েছে। জনগনের দরবার প্রকল্পের কার্যক্রমগুলো যদি আমরা বাস্তবায়নের চেষ্টা করি তবে সত্যিকার অর্থে যে কার্যকর ইউনিয়ন পরিষদের স্বপ্ন আমরা দেখি সেটির প্রতিফলন ঘটবে।

পরিদর্শন বই থেকে

১. যশোরে ডেমক্রেসিওয়াচের কাজ দেখে আমি মুগ্ধ। ভবিষ্যতেও এখানে আসবো আমি এই কাজ দেখার জন্য।

নাথালিয়া ফিনসবাগ, ডেপুটি হেড অব মিশন, ডেনিশ এ্যামবাসী

২. জনগনের দরবারের কার্যক্রম দেখে মনে হয়েছে এটি জনগনের খুব কাছের একটি প্রকল্প।

মোজাহারুল ইসলাম, দ্বীপশিখা, দিনাজপুর

কৃতজ্ঞতায় ঃ তালেয়া রেহমান, নির্বাহী পরিচালক, ডেমক্রেসিওয়াচ

তত্ত্বাবধানে ঃ ডেমক্রেসিওয়াচ- এর **প্রোগ্রাম ম্যানেজার** মোস্তফা সোহেল, **মনিটরিং কোঅর্ডিনেটর** সাইফুল ইসলাম, **প্রোগ্রাম অফিসার** ফিরোজ মোঃ নূরুন্নবী যুগল এবং **সহকারী প্রোগ্রাম অফিসার** মহিউদ্দিন রানা, তৌফিক এলাহী ও নিলুফা ইয়াসমিন মুন -এর প্রচেষ্টায়। ডেমক্রেসিওয়াচ, ৭ সার্কিট হাউস রোড, রমনা, ঢাকা থেকে প্রকাশিত।